



## BDBL Digital Bank

মোবাইল অ্যাপ ইউজার ম্যানুয়াল



# BDBL Digital Bank (Mobile Apps)


## এর সূচিপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নম্বর
০১	নিবন্ধন প্রক্রিয়া	৩-৫
০২	লগ-ইন প্রক্রিয়া	৬-৬
০৩	একাউন্ট হোমপেজ	৭-৯
০৪	হিসাব বিবরণী	১০-১২
০৫	বেনিফিশিয়ারি ম্যানেজমেন্ট	১২-১৫
০৬	ফান্ড ট্রান্সফার	১৫-২০
০৭	এমএফএস (MFS) ফান্ড ট্রান্সফার (বিকাশ, রকেট, নগদ)	২০-২৭
০৮	বিল পেমেন্ট (Bill Payment)	২৮-৩১
০৯	মোবাইল রিচার্জ	৩১-৩৩
১০	চেক বুক ম্যানেজমেন্ট	৩৩-৩৭
১১	ডিপিএস (DPS) এবং ইএমআই (EMI) ক্যালকুলেটর	৩৭-৪০
১২	ব্রাঞ্চ এবং এটিএম বুথ সমূহের অবস্থান	৪০-৪১
১৩	ইউজার আইডি পরিবর্তন	৪২-৪৩
১৪	ইউজার পাসওয়ার্ড পরিবর্তন	৪৩-৪৫
১৫	ফরগট পাসওয়ার্ড (Forgot Password)	৪৬-৪৭
১৬	সার্পোর্ট এবং বিবিধ তথ্য	৪৮-৪৮

## ১। নিবন্ধন প্রক্রিয়া

১.১। প্রিয় গ্রাহক, 'BDBL Digital Bank' মোবাইল অ্যাপে আপনাকে স্বাগতম। 'BDBL Digital Bank' মোবাইল অ্যাপটি ব্যবহার করার জন্য Google Play Store অথবা App Store এ গিয়ে 'BDBL Digital Bank' নাম দিয়ে সার্চ করে বিডিবিএল এর Logo সম্বলিত অ্যাপটি পাওয়া যাবে। সেখান থেকে অ্যাপটি ব্যবহারকারীর iPhone (আইফোন) অথবা Android (অ্যান্ড্রয়েড) স্মার্টফোনে ডাউনলোড ও ইনস্টল করতে হবে। App টি ইনস্টল করার পর ব্যবহার করার জন্য প্রথমবার রেজিস্ট্রেশন করতে হবে। App টি Open করলে চিত্র-১ এর ন্যায় একটি স্ক্রীন আসবে। উক্ত স্ক্রীন থেকে 'Register Here' লিংকে ক্লিক করলে চিত্র-২ (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় স্ক্রীন আসবে।

চিত্র-১ :



চিত্র-২ :

← New User Registration

Preferred User ID  
Enter Preferred User ID

Account No.  
Enter your BDBL Account Number

Mobile Number  
Enter your Mobile Number

NID No  
Enter Your NID Number

Date of Birth  
Enter Date of Birth (dd/mm/yyyy)

Email  
Enter Email Address

I agree to the Terms & Conditions

NEXT

Enter Your Preferred User ID Minimum 6 Digit with small letter or alphanumeric.

এক্ষেত্রে রেজিস্ট্রেশন এর জন্য নিম্নোক্ত প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে :



1. Preferred User ID (নূন্যতম ছয় ক্যারেকটার যেমন: sample.user)
2. Account No: সকল সেভিংস (SB), সিডি (CD) (ব্যক্তিক) এবং এসএনডি (SND) (ব্যক্তিক) একাউন্ট
3. Mobile Number (হিসাবের সাথে সংযুক্ত)
4. NID No (হিসাবের সাথে সংযুক্ত)
5. Date of Birth (dd/mm/yyyy)
6. Email (Must Be Valid Format)

এবং সবশেষে 'NEXT' বাটনে ক্লিক করতে হবে।

১.২। সমস্ত তথ্য ঠিক থাকলে নিবন্ধনকারীর একাউন্টের সাথে সম্পর্কিত মোবাইল নম্বরে SMS (এসএমএস) মারফত একটি OTP (One Time Password) আসবে। উক্ত OTP টি চিত্র-৩(১) এর ন্যায় ফিল-আপ করে 'Submit' বাটনে ক্লিক করতে হবে।

চিত্র-৩(১) :

চিত্র-৩(২) :



১.৩। OTP টি সঠিক থাকলে চিত্র-৩(২) এর ন্যায় 'Successful' স্ক্রীন আসবে এবং ব্যবহারকারীর নিবন্ধন অনুরোধটি সম্পন্ন হবে।

১.৪। নিবন্ধন সম্পন্ন হলে User ID and Password সম্বলিত একটি SMS (এসএমএস) তাৎক্ষণিকভাবে হিসাবধারীর নিবন্ধনদিত মোবাইল নাম্বারে প্রেরণ করা হবে।

## ২। লগ-ইন প্রক্রিয়া

২.১। ব্যবহারকারী তাঁর মোবাইল SMS (এসএমএস) থেকে প্রাপ্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড পাওয়ার পর, চিত্র-৪ এর ন্যায় 'BDBL Digital Bank' মোবাইল অ্যাপ এর লগ-ইন পেজ এ প্রাপ্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রদান করে লগ-ইন প্রক্রিয়া সম্পন্ন করবেন। সফলভাবে লগ-ইন করার পরে ব্যবহারকারীকে অবশ্যই ডিফল্ট পাসওয়ার্ডটি পরিবর্তন করতে হবে। পাসওয়ার্ডের গোপনীয়তার দায়-দায়িত্ব সম্পূর্ণ ব্যবহারকারীর। পাসওয়ার্ডটি কারো সাথে শেয়ার করা থেকে বিরত থাকবেন।

চিত্র-৪ :

বাংলা

**BDBL**  
Digital Bank

User ID  
sample.user\_id

Password  
\*\*\*\*\*

Remember User ID?

**Login**

[New User? Register Here](#)

[Forgot Password?](#)


Powered by: ERA-InfoTech Ltd

**Login**

## ৩। একাউন্ট হোমপেজ

৩.১। সফলভাবে লগ-ইন করার পর ব্যবহারকারী 'BDBL Digital Bank' মোবাইল অ্যাপের সকল সেবাসমূহ চিত্র-৫ এর ন্যায় হোমপেজে দেখতে পারবেন। এখান থেকে যখন যে সেবা প্রয়োজন ব্যবহারকারী তা গ্রহণ করতে পারবেন।


চিত্র-৫ :



৩.২। উক্ত একাউন্ট হোমপেজ থেকে ব্যবহারকারী তার একাউন্টের বর্তমান ব্যালেন্স এবং একাউন্ট স্ট্যাটাস সহ তাঁর সকল (এসবি/সিডি) একাউন্টের বিস্তারিত বিবরণ দেখতে পারবেন এবং ব্যবহারকারী চাইলে তাঁর 'FDR/DPS' একাউন্টের ব্যালেন্স এবং লোন একাউন্ট সমূহের (Loan Account) বর্তমান ও বকেয়া ব্যালেন্স দেখতে পারবেন।

৩.৩। একাউন্ট হোমপেজ থেকে ব্যবহারকারী নিচের দিকে **Home, Account** এবং **Settings** মেনু দেখতে পাবেন। **Account** মেনু থেকে একজন ব্যবহারকারী তাঁর একাউন্টের বিভিন্ন ধরনের প্রতিবেদন দেখতে পারবেন এবং মাইক্রোসফট এক্সসেলে ডাউনলোড ও প্রিন্ট করে নিতে পারবেন।


চিত্র-৬ :



৩.৪। এছাড়া, একাউন্ট হোমপেজ এর চিত্র-৬ এর ন্যায় উপরের ডানদিকের **'Side Menu'**-তে ক্লিক করে ব্যবহারকারীগণ চিত্র-৭ (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় অত্র ব্যাংকের সকল ব্রাঞ্চ অফিস এবং **'ATM/CRM Booth'** সমূহের অবস্থান দেখতে পারবেন। এছাড়া, উক্ত মেনু থেকে একজন ব্যবহারকারী অত্র ব্যাংকের অন্যান্য সেবাসমূহ যেমন: **'News & Events'**, **'Language Settings'**, **'Transactional Limit'**, বিভিন্ন গুরুত্বপূর্ণ **'Safety Tips'** এবং অত্র ব্যাংক সম্পর্কে বিস্তারিত তথ্য জানতে পারবেন।




চিত্র-৭ :



৩.৫। এছাড়া, একাউন্ট হোমপেজ থেকে ব্যবহারকারী চাইলে চিত্র-৮ এর ন্যায় 'Call Center' আইকনে ক্লিক করার মাধ্যমে সাপোর্ট টিমের (Support Team) সাথে যোগাযোগ করতে পারবেন এবং সাপোর্ট টিমকে ই-মেইলও করতে পারবেন।


চিত্র-৮ :



## ৪। হিসাব বিবরণী


৪.১। ব্যবহারকারী 'BDBL Digital Bank' মোবাইল অ্যাপের হোমপেজ থেকে 'Account' বাটনে ক্লিক করার পর চিত্র-৯ এর ন্যায় 'Account(s) Statement' মেনু দেখতে পারবেন এবং এখান থেকে সকল একাউন্টের (যদি একাধিক থাকে) হিসাব বিবরণী বিভিন্ন ডেট ওয়াইজ দেখতে পারবেন।

চিত্র-৯ :




৪.২। 'Account(s) Statement' অপশনে ক্লিক করার পর ব্যবহারকারী তাঁর যে একাউন্ট (যদি একাধিক থাকে) এর তথ্য জানতে চান সে একাউন্ট নির্বাচন করে, চিত্র-১০ (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় একাউন্টের হিসাব বিবরণীর তারিখ পরিসীমা নির্বাচন করবেন। সবশেষে 'Search' বাটনে ক্লিক করার মাধ্যমে চিত্র-১১ (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় একাউন্টের বিস্তারিত বিবরণী দেখতে পাবেন।

চিত্র-১০ :




৪.৩। এছাড়া, 'Account(s) Statement' মেনু থেকে চিত্র-১০ এর ন্যায় ব্যবহারকারীগণ চাইলে শুধুমাত্র 'Last Week' অথবা 'Last Month' বাটনে ক্লিক করার মাধ্যমে শেষ ৭ দিন অথবা শেষ ৩০ দিনের হিসাব বিবরণী চিত্র-১১ এর ন্যায় দেখতে পারবেন।

চিত্র-১১ :



৪.৪। একাউন্টের হিসাব বিবরণী পাওয়ার পর ব্যবহারকারী চাইলে চিত্র-১২ এর ন্যায় হিসাব বিবরণীটি পিডিএফ ফরম্যাটে ডাউনলোড করে সংরক্ষণ করতে পারবেন।

চিত্র-১২ :



## ৫। বেনিফিশিয়ারি ম্যানেজমেন্ট

৫.১। যেকোন ফান্ড ট্রান্সফার করার পূর্বে ব্যবহারকারীকে অবশ্যই বেনিফিশিয়ারি 'Add' করতে হবে। এ জন্য 'Add Beneficiary Account' অপশনটি ব্যবহার করে নতুন বেনিফিশিয়ারি একাউন্ট নম্বর, 'Account Title/Name', ব্যাংক ও শাখার নাম এবং লেনদেনের সীমার পরিমাণ উল্লেখ পূর্বক চিত্র-১৩ (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় বেনিফিশিয়ারির লিস্টে বেনিফিশিয়ারি একাউন্ট 'Add' করা যাবে। বেনিফিশিয়ারি একাউন্ট একবার 'Add' করা হলে পরবর্তীতে 'Add' দরকার হবে না এবং যে কোন সময় উক্ত বেনিফিশিয়ারি একাউন্টে ফান্ড ট্রান্সফার করা যাবে।

চিত্র-১৩:

← Add Beneficiary (BDBL)

Account Number  
06

Account Title  
M

Amount Limit  
1,00,000


PROCEED →

৫.২। ফান্ড ট্রান্সফারের ধরণ অনুযায়ী আলাদা আলাদা বেনিফিশিয়ারি একাউন্ট 'Add' করতে হবে যেমন: RTGS, EFT এবং NPSB (IBFT) এর জন্য আলাদা করে বেনিফিশিয়ারি একাউন্ট 'Add' করতে হবে।

৫.৩। নতুন বেনিফিশিয়ারি একাউন্ট 'Add' করার সময় ব্যবহারকারীর নিবন্ধিত মোবাইল নম্বরে SMS (এসএমএস) মাধ্যমে একটি OTP প্রেরিত হবে।

৫.৪। উক্ত OTP টি চিত্র-১৪ (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় সংশ্লিষ্ট ফিল্ডে ইনপুট দিয়ে 'Submit' বাটনে ক্লিক করার মাধ্যমে বেনিফিশিয়ারি একাউন্ট 'Add' করা যাবে।


চিত্র-১৪ :



৫.৫। বেনিফিশিয়ারি একাউন্ট 'Add' করার পরে যদি কোন তথ্য ভুল থাকে, তাহলে 'EDIT' বাটনে ক্লিক করার মাধ্যমে ভুল তথ্যসমূহ সংশোধন করা যাবে।

৫.৬। বেনিফিশিয়ারি লিস্ট থেকে কোন একাউন্ট 'Inactive' করতে চাইলে **Dropdown Menu** থেকে **Inactive** সিলেক্ট করার মাধ্যমে যেকোন বেনিফিশিয়ারি একাউন্ট 'Inactive' করা যাবে (চিত্র-১৫) (পরবর্তী পৃষ্ঠায়)। আবার **Dropdown Menu** থেকে 'Active' সিলেক্ট করার মাধ্যমে যে কোন বেনিফিশিয়ারি একাউন্ট 'Active' করা যাবে।

## চিত্র-১৫:




## ৬। ফান্ড ট্রান্সফার

৬.১। ফান্ড ট্রান্সফার মেনু থেকে ব্যবহারকারী নিম্নলিখিত চ্যানেলের মাধ্যমে ফান্ড ট্রান্সফার কার্যক্রম সম্পন্ন করতে পারবেনঃ

- ✓ বিডিবিএল এর এক একাউন্ট থেকে অন্য একাউন্টের মধ্যে ফান্ড ট্রান্সফার
- ✓ NPSB (IBFT) এর মাধ্যমে অন্য ব্যাংক-একাউন্টে ফান্ড ট্রান্সফার
- ✓ EFT এর মাধ্যমে অন্য ব্যাংক-একাউন্টে ফান্ড ট্রান্সফার
- ✓ RTGS এর মাধ্যমে অন্য ব্যাংক-একাউন্টে ফান্ড ট্রান্সফার

৬.২। সফলভাবে লগ-ইন করার পর একজন ব্যবহারকারী তাঁর একাউন্টের হোমপেজের 'Fund Transfer' মেনুতে ক্লিক করার মাধ্যমে চিত্র-১৬ এর ন্যায় ফান্ড ট্রান্সফার করার ৪ (চার) টি অপশন দেখতে পাবেন।


চিত্র-১৬ :



৬.৩। বিডিবিএল এর এক একাউন্ট থেকে অন্য একাউন্টের মধ্যে ফান্ড ট্রান্সফার করার জন্য একজন ব্যবহারকারীকে তাঁর হোমপেজ থেকে প্রথমে 'Fund Transfer' মেনু, এরপর 'Within BDBL' অপশনে ক্লিক করতে হবে। তারপর চিত্র-১৭ (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় ড্রপ-ডাউন মেনু থেকে সোর্স একাউন্ট, বেনিফিশিয়ারি লিস্ট থেকে বেনিফিশিয়ারি একাউন্ট নির্বাচন করতে হবে এবং সবশেষে **Amount** এর ঘরে টাকার পরিমাণ দিয়ে ও মন্তব্য কলামে ব্যবহারকারীর নিজস্ব মন্তব্য লিখে 'Proceed' বাটনে ক্লিক করতে হবে।




চিত্র-১৭ :



৬.৪। এ পর্যায়ে, চিত্র-১৮ এর ন্যায় ব্যবহারকারীর মোবাইল নম্বরে/ই-মেইলে একটি **OTP** প্রেরিত হবে। কোন কারণে **OTP** পাওয়া না গেলে 'Resend OTP' বাটনে ক্লিক করলে আরেকটি **OTP** পাওয়া যাবে।


চিত্র-১৮ :



৬.৫। এরপর ব্যবহারকারী চিত্র-১৮ (পূর্ববর্তী পৃষ্ঠায়) এর ন্যায় ফান্ড ট্রান্সফারের বিস্তারিত **Preview** (প্রিভিউ) দেখতে পারবেন। সব তথ্য সঠিক থাকলে ব্যবহারকারী **SMS** (এসএমএস) থেকে প্রাপ্ত **OTP** টি ফিল-আপ করে **'Complete'** বাটনে ক্লিক করার মাধ্যমে ফান্ড ট্রান্সফারের কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

৬.৬। সবশেষে ব্যবহারকারী চিত্র-১৯ এর ন্যায় **'Fund Transfer'** এর একটি সফল বার্তা দেখতে পাবেন।

চিত্র-১৯ :





৬.৭। উক্ত স্ক্রীন থেকে ব্যবহারকারী চাইলে **'Back'** বাটনে ক্লিক করার মাধ্যমে হোমপেজে যেতে পারবেন।

৬.৮। একইভাবে বিডিবিএল এর এক একাউন্ট থেকে অন্য ব্যাংকের একাউন্টের মধ্যে ফান্ড ট্রান্সফার করার জন্য একজন ব্যবহারকারীকে তাঁর হোমপেজ থেকে প্রথমে **'Fund Transfer'** মেনু, এরপর **'NPSB Transfer'** অপশনে ক্লিক করতে হবে। তারপর চিত্র-২০ (১) (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় ড্রপ-ডাউন মেনু থেকে সোর্স একাউন্ট, বেনিফিশিয়ারি লিস্ট

থেকে বেনিফিশিয়ারি একাউন্ট নির্বাচন করতে হবে এবং সবশেষে **Amount** এর ঘরে টাকার পরিমাণ দিয়ে ও মন্তব্য কলামে ব্যবহারকারীর নিজস্ব মন্তব্য লিখে **'Proceed'** বাটনে ক্লিক করতে হবে।

চিত্র-২০ (১) :

চিত্র-২০ (১) :




৬.৯। এ পর্যায়ে, চিত্র-২১ (১) (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় ব্যবহারকারীর মোবাইল নম্বরে/ই-মেইলে একটি **OTP** প্রেরিত হবে। কোন কারণে **OTP** পাওয়া না গেলে **'Resend OTP'** বাটনে ক্লিক করলে আরেকটি **OTP** পাওয়া যাবে।


৬.১০। এরপর ব্যবহারকারী চিত্র-২১ (১) (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় ফান্ড ট্রান্সফারের বিস্তারিত **Preview** (প্রিভিউ) দেখতে পারবেন। সব তথ্য সঠিক থাকলে ব্যবহারকারী **SMS** (এসএমএস) থেকে প্রাপ্ত **OTP** টি ফিল-আপ করে **'Complete'** বাটনে ক্লিক করার মাধ্যমে ফান্ড ট্রান্সফারের কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

৬.১১। সবশেষে ব্যবহারকারী চিত্র-২১ (২) (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় **NPSB (IBFT)** এর মাধ্যমে **'Fund Transfer'** এর একটি সফল বার্তা দেখতে পাবেন।

চিত্র-২১ (১) :



চিত্র-২১ (২) :



৬.১২। উপরোক্ত একই প্রক্রিয়া অনুসরণ করে ‘BDBL Digital Bank’ মোবাইল অ্যাপ দিয়ে EFT, ও RTGS এর মাধ্যমে ব্যবহারকারী বিডিবিএল এর একাউন্ট থেকে অন্য ব্যাংকের যে কোন একাউন্টে ‘Fund Transfer’ করতে পারবেন।


## ৭। এমএফএস (MFS- Fund Transfer) ফান্ড ট্রান্সফার (বিকাশ, নগদ, রকেট)

৭.১। ‘BDBL Digital Bank’ মোবাইল অ্যাপের এমএফএস (MFS) ফান্ড ট্রান্সফার মেনু থেকে ব্যবহারকারী নিম্নলিখিত চ্যানেলের মাধ্যমে ফান্ড ট্রান্সফার কার্যক্রম সম্পন্ন করতে পারবেনঃ


- ✓ বিডিবিএল এর একাউন্ট থেকে Nagad একাউন্টে ফান্ড ট্রান্সফার
- ✓ বিডিবিএল এর একাউন্ট থেকে bKash একাউন্টে ফান্ড ট্রান্সফার
- ✓ বিডিবিএল এর একাউন্ট থেকে Rocket একাউন্টে ফান্ড ট্রান্সফার

৭.২। সফলভাবে লগ-ইন করার পর একজন ব্যবহারকারী তাঁর একাউন্টের হোমপেজ থেকে চিত্র-২২ (১) এর ন্যায় 'MFS' মেনুতে ক্লিক করার মাধ্যমে চিত্র-২২ (২) এর ন্যায় ফান্ড ট্রান্সফার করার ৩ (তিনটি) টি অপশন দেখতে পাবেন।

চিত্র-২২ (১) :



চিত্র-২২ (২) :



৭.৩। এমএফএস (MFS) ফান্ড ট্রান্সফার করার পূর্বে ব্যবহারকারীকে অবশ্যই বেনিফিশিয়ারি 'Add' করতে হবে। এ জন্য চিত্র-২৩ (১) (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় 'Add Beneficiary Account' লিংকটিতে ক্লিক করতে হবে।

৭.৪। এরপর চিত্র-২৩ (২) (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় নতুন সুবিধাভোগীর এমএফএস (MFS) একাউন্ট নম্বর, 'Account Title/Name' উল্লেখ পূর্বক 'NEXT' বাটনে ক্লিক করার মাধ্যমে বেনিফিশিয়ারির লিস্টে বেনিফিশিয়ারি একাউন্ট 'Add' করা যাবে। বেনিফিশিয়ারি একাউন্ট একবার 'Add' করা হলে পরবর্তীতে 'Add' করার দরকার হবে না এবং যে কোন সময় উক্ত এমএফএস (MFS) বেনিফিশিয়ারি একাউন্টে ফান্ড ট্রান্সফার করা যাবে।

চিত্র-২৩ (১) :

The screenshot shows the 'bKash Transfer' screen. At the top, there is a green header with a back arrow and the text 'bKash Transfer'. Below the header, there are two buttons: 'View List' and 'Add Beneficiary'. The 'Add Beneficiary' button is highlighted with a red box and a red arrow pointing to the right. Below the buttons, there are several input fields: 'Source Account' with a dropdown menu showing 'Select Account', 'bKash Wallet Number' with a search icon, 'Amount' with a text input field containing '1000' and four buttons for '1,000', '5,000', '10,000', and '20,000', and 'Remarks' with a text input field containing 'Enter Remarks'. At the bottom, there is a blue button labeled 'PROCEED' with a right arrow.

চিত্র-২৩ (২) :

The screenshot shows the 'Add bKash Beneficiary' screen. At the top, there is a green header with a back arrow and the text 'Add bKash Beneficiary'. Below the header, there are several input fields: 'bKash Wallet Number' with a text input field containing '01710186303', 'bKash Wallet Title' with a blue button labeled 'BIKRAM', and 'Remarks' with a text input field containing 'Bkash Wallet Number'. At the bottom, there is a blue button labeled 'NEXT' with a right arrow.


৭.৫। এমএফএস (MFS) ফান্ড ট্রান্সফারের ধরণ অনুযায়ী আলাদা আলাদা বেনিফিশিয়ারি একাউন্ট 'Add' করতে হবে যেমন: Nagad, এবং Rocket একাউন্ট এর জন্য আলাদা করে বেনিফিশিয়ারি একাউন্ট 'Add' করতে হবে।

৭.৬। নতুন বেনিফিশিয়ারি একাউন্ট 'Add' করার সময় ব্যবহারকারীর নিবন্ধিত মোবাইল নম্বরে SMS (এসএমএস) মারফত একটি OTP প্রেরিত হবে।


৭.৭। উক্ত OTP টি চিত্র-২৪(১) (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় সংশ্লিষ্ট ফিল্ডে ইনপুট দিয়ে 'Submit' বাটনে ক্লিক করার মাধ্যমে বেনিফিশিয়ারি একাউন্ট 'Add' করা যাবে।



চিত্র-২৪ (১) :




চিত্র-২৪ (২) :




৭.৮। বেনিফিশিয়ারি একাউন্ট 'Add' করার পরে যদি কোন তথ্য ভুল থাকে, তাহলে 'EDIT' বাটনে ক্লিক করার মাধ্যমে ভুল তথ্যসমূহ সংশোধন করা যাবে।

চিত্র-২৫ (১) :




চিত্র-২৫ (২) :



৭.৯। বেনিফিশিয়ারি লিস্ট থেকে কোন একাউন্ট 'Inactive' করতে চাইলে **Dropdown Menu** থেকে **Inactive** সিলেক্ট করার মাধ্যমে যেকোন বেনিফিশিয়ারি একাউন্ট 'Inactive' করা যাবে চিত্র-২৫(২) (পূর্ববর্তী পৃষ্ঠায়)। আবার **Dropdown Menu** থেকে 'Active' সিলেক্ট করার মাধ্যমে যে কোন বেনিফিশিয়ারি একাউন্ট 'Active' করা যাবে।



চিত্র-২৫ :



৭.১০। বিডিবিএল এর একাউন্ট থেকে বিকাশ একাউন্টে মধ্যে ফান্ড ট্রান্সফার করার জন্য প্রথমে একজন ব্যবহারকারীকে চিত্র-২৬ (১) এর ন্যায় তাঁর হোমপেজের এমএফএস (MFS) মেনু, এরপর চিত্র-২৬ (২) এর ন্যায় 'Transfer to bKash' অপশনে ক্লিক করতে হবে।

চিত্র-২৬ (১) :

চিত্র-২৬ (২) :





৭.১১। তারপর চিত্র-২৭ (১) এর ন্যায় ড্রপ-ডাউন মেনু থেকে সোর্স একাউন্ট, বেনিফিশিয়ারি লিস্ট থেকে বেনিফিশিয়ারি একাউন্ট নির্বাচন করতে হবে এবং সবশেষে ট্রান্সফার অ্যামাউন্ট ও মন্তব্য লিখে 'Proceed' বাটনে ক্লিক করতে হবে।

৭.১২। এ পর্যায়ে, ব্যবহারকারীর মোবাইল নম্বরে/ই-মেইলে একটি OTP প্রেরিত হবে। কোন কারণে OTP পাওয়া না গেলে 'Resend OTP' বাটনে ক্লিক করলে আরেকটি OTP পাওয়া যাবে।

৭.১৩। এরপর ব্যবহারকারী চিত্র-২৭ (২) এর ন্যায় ফান্ড ট্রান্সফারের বিস্তারিত Preview (প্রিভিউ) দেখতে পারবেন। সব তথ্য সঠিক থাকলে ব্যবহারকারী SMS (এসএমএস) থেকে প্রাপ্ত OTP টি ফিল-আপ করে 'CONFIRM' বাটনে ক্লিক করার মাধ্যমে ফান্ড ট্রান্সফারের কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

চিত্র-২৭ (১) :

← bKash Transfer

View List Add Beneficiary

Source Account  
065

Available Balance 1.66 BDT

bKash Wallet Number  
01723425643-MD HUMAYUN KABIR

Amount  
50

1,000 5,000 10,000 20,000

Remarks  
self

PROCEED

চিত্র-২৭ (২) :

← bKash Transfer

bKash Wallet Number 01723425643

bKash Wallet Title MD HUMAYUN KABIR

Amount 50 BDT

Source A/C No. 065


Source A/C Title Md.Humayun Kabir

OTP

CONFIRM

৭.১৪। সবশেষে ব্যবহারকারী চিত্র-২৮ এর ন্যায় 'Fund Transfer' এর একটি সফল বার্তা দেখতে পাবেন।

চিত্র-২৮ :




৭.১৫। উক্ত স্ক্রীন থেকে ব্যবহারকারী চাইলে 'Back' বাটনে ক্লিক করার মাধ্যমে হোমপেজে যেতে পারবেন।


৭.১৬। উপরোক্ত একই প্রক্রিয়া অনুসরণ করে 'BDBL Digital Bank' মোবাইল অ্যাপের এর মাধ্যমে ব্যবহারকারী বিডিবিএল এর একাউন্ট থেকে অন্য যেকোন এমএফএস (MFS) একাউন্ট যেমন: Nagad ও Rocket একাউন্টেও 'Fund Transfer' করতে পারবেন।

৭.১৭। এমএসএফ (MFS) ফান্ড ট্রান্সফার মেনু থেকে ফান্ড ট্রান্সফারের সকল হিস্ট্রি দেখার জন্য একজন ব্যবহারকারীকে তাঁর হোমপেজের এমএফএস (MFS) মেনু, এরপর চিত্র-২৯ (১) (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় 'Transaction History' অপশনে ক্লিক করতে হবে।

চিত্র-২৯ (১) :



চিত্র-২৯ (২) :



৭.১৮। তারপর চিত্র-২৯ (২) এর ন্যায় ড্রপ-ডাউন মেনু থেকে একাউন্ট নম্বর, ফান্ড ট্রান্সফার টাইপ, এবং সবশেষে ফান্ড ট্রান্সফার এর ডেট সীমা উল্লেখ পূর্বক 'Search' বাটনে ক্লিক করলে চিত্র-৩০ এর ন্যায় উক্ত ডেট সীমার মধ্যে ফান্ড ট্রান্সফারের বিস্তারিত বিবরণী দেখতে পাওয়া যাবে।

চিত্র-৩০ :

The screenshot shows the 'Transaction History' list. It contains three transaction entries, each with a 'PDF' icon in the top right corner. The first entry is highlighted with a green border.

SL 1	Transaction Type bKash
Transaction Date 26/07/2022	Account No 0650100010995
Wallet No. 01913666857	Transaction ID 100BK000431
Amount 2,000.00	Status Success
SL 2	Transaction Type bKash
Transaction Date 20/07/2022	Account No 0650100010995
Wallet No. 01913666857	Transaction ID 100BK000318
Amount 1,500.00	Status Success
SL 3	Transaction Type bKash
Transaction Date 17/07/2022	Account No 0650100010995


## ৮। বিল পেমেন্ট (Bill Payment)

৮.১। 'BDBL Digital Bank' মোবাইল অ্যাপের মাধ্যমে ব্যবহারকারী নিম্নলিখিত অরগানাইজেশন সমূহের বিল পেমেন্ট করতে পারবেন:


- ✓ ডিপিডিসি(DPDC) বিল পেমেন্ট
- ✓ নেসকো (NESCO) বিল পেমেন্ট
- ✓ পল্লী বিদ্যুৎ (BREB) বিল পেমেন্ট
- ✓ বাখরাবাদ গ্যাস (BGDCL) বিল পেমেন্ট
- ✓ ইন্ডিয়ান ভিসা অ্যাপ্লিকেশন সেন্টার ফি (IVAC)/ বিল পেমেন্ট

৮.২। 'BDBL Digital Bank' অ্যাপের মাধ্যমে কোন অরগানাইজেশনের বিল পেমেন্ট করার জন্য ব্যবহারকারীকে প্রথমে হোমপেজ থেকে চিত্র-৩১ (১) এর ন্যায় প্রথমে 'Bills Pay' বাটনে ক্লিক করতে হবে তারপর চিত্র-৩১ (২) এর ন্যায় 'Electricity' বাটনে ক্লিক করতে হবে।

চিত্র-৩১ (১) :




চিত্র-৩১ (২) :




৮.৩। এরপর যে অরগানাইজেশনের বিল পেমেন্ট করতে চান চিত্র-৩২ (১) এর ন্যায় তা সিলেক্ট করতে হবে যেমনঃ ‘NESCO Bill Payment’ অথবা ‘DPDC Bill Payment’ অপশনে ক্লিক করতে হবে।

চিত্র-৩২ (১) :



চিত্র-৩২ (২) :




৮.৪। তারপর চিত্র-৩২ (২) এর ন্যায় ‘Bill Number’ এন্ট্রি দিয়ে ‘Search Icon’ এ ক্লিক করে বিলটি ‘Validate’ করতে হবে। বিলটি অলরেডি পেমেন্ট করা হলে ‘This Bill already paid’ সম্বলিত একটি পপআপ নোটিফিকেশন পাওয়া যাবে। ‘Validation’ সফলভাবে সম্পন্ন হলে কাস্টমার নেম, মোট বিল এমাউন্ট, ভ্যাট এমাউন্ট (VAT), লেট পেমেন্টে এমাউন্ট (LPC), লাস্ট ডেট অফ বিল পেমেন্ট, মিটার নং এবং বিল স্ট্যাটাস সহ

বিস্তারিত বিবরণীর **Preview** (প্রিভিউ) দেখতে পাওয়া যাবে। সবশেষে ড্রপ-ডাউন মেনু থেকে সোর্স একাউন্ট নির্বাচন করে **'Proceed'** বাটনে ক্লিক করতে হবে।


৮.৫। এ পর্যায়ে, চিত্র-৩৩ (১) এর ন্যায় ব্যবহারকারীর মোবাইল নম্বরে/ই-মেইলে একটি **OTP** প্রেরিত হবে। কোন কারণে **OTP** পাওয়া না গেলে **'Resend OTP'** বাটনে ক্লিক করলে আরেকটি **OTP** পাওয়া যাবে।

৮.৬। এরপর ব্যবহারকারী চিত্র-৩৩ (২) এর ন্যায় বিল পেমেণ্টের বিস্তারিত **Preview** (প্রিভিউ) দেখতে পারবেন। সব তথ্য সঠিক থাকলে ব্যবহারকারী **SMS** (এসএমএস) থেকে প্রাপ্ত **OTP** টি ফিল-আপ করে **'COMPLETE'** বাটনে ক্লিক করার মাধ্যমে **'NESCO Bill Payment'** পেমেণ্টের কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

চিত্র-৩৩ (১) :




চিত্র-৩৩ (২) :





৮.৭। সবশেষে ব্যবহারকারী চিত্র-৩৪ এর ন্যায় নেসকো (NESCO) বিল পেমেন্টের এর একটি সফল বার্তা দেখতে পাবেন।

চিত্র-৩৪ :



৮.৮। উক্ত স্ক্রীন থেকে ব্যবহারকারী চাইলে ‘Another Transfer’ বাটনে ক্লিক করার মাধ্যমে পুনরায় নতুন কোন বিল পেমেন্ট করতে পারবেন।

৮.৯। উপরোক্ত একই প্রক্রিয়া অনুসরণ করে ‘BDBL Digital Bank’ মোবাইল অ্যাপের ব্যবহারকারী বিডিবিএল এর একাউন্ট থেকে অন্য যেকোন অরগানাইজেশনের বিল পেমেন্ট যেমন: ডিপিডিসি (DPDC), পল্লী বিদ্যুৎ (BREB), বাখরাবাদ গ্যাস বিল (BGDCL), ইন্ডিয়ান ভিসা অ্যাপ্লিকেশন সেন্টার ফি (IVAC)/বিল পেমেন্ট করতে পারবেন।


## ৯। মোবাইল রিচার্জ

৯.১। ‘BDBL Digital Bank’ মোবাইল অ্যাপ এর মাধ্যমে ব্যবহারকারীগণ নিম্নলিখিত অপারেটর সমূহের Recharge (রিচার্জ) করতে পারবেন।


- ✓ রবি
- ✓ টেলিটক
- ✓ এয়ারটেল
- ✓ বাংলালিংক
- ✓ গ্রামীনফোন

৯.২। 'BDBL Digital Bank' মোবাইল অ্যাপ এর মাধ্যমে রিচার্জ করার জন্য ব্যবহারকারীকে প্রথমে একাউন্টের ড্যাশবোর্ড/হোমপেজ থেকে চিত্র-৩৫ (১) এর ন্যায় 'Mobile Recharge' বাটনে ক্লিক করতে হবে।

চিত্র-৩৫ (১) :



চিত্র-৩৫ (২) :




৯.৩। এরপর চিত্র-৩৫ (২) এর ন্যায় যে নম্বরে রিচার্জ করতে চান, সে নম্বর, ড্রপডাউন মেনু থেকে অপারেটর নির্বাচন, প্রিপেইড/পোস্টপেইড টাইপ নির্বাচন, রিচার্জ এমাউন্ট এর পরিমাণ এবং সোর্স একাউন্ট উল্লেখপূর্বক 'Proceed' বাটনে ক্লিক করতে হবে।




৯.৪। এরপর চিত্র-৩৬ (১) এর ন্যায় মোবাইল রিচার্জ এর একটি প্রিভিউ স্ক্রিন দেখতে পাওয়া যাবে। সবকিছু সঠিক থাকলে পাসওয়ার্ড প্রদান এবং 'Confirm' বাটনে ক্লিক করার মাধ্যমে মোবাইল রিচার্জ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৯.৫। সবশেষে চিত্র-৩৬ (২) এর ন্যায় মোবাইল রিচার্জ এর একটি সফল বার্তা ব্যবহারকারী দেখতে পারবেন।

চিত্র-৩৬ (১) :




চিত্র-৩৬ (২) :



## ১০। চেক বুক ম্যানেজমেন্ট

১০.১। 'BDBL Digital Bank' মোবাইল অ্যাপ এর হোমপেজ থেকে ব্যবহারকারী চিত্র-৩৭ (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় 'Cheque' অপশনে ক্লিক করে 'চেক' মেনুতে যেতে পারবেন।


চিত্র-৩৭ :



১০.২। 'Cheque' মেনু থেকে ব্যবহারকারী চেকবুক সম্পর্কিত চিত্র-৩৮ (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় নিম্নলিখিত কার্যক্রমগুলো করতে পারবেনঃ

- ১) চেকের পেমেন্ট অর্ডার বন্ধ (Stop Cheque) করতে পারবেন।
- ২) চেক বইয়ের জন্য সংশ্লিষ্ট ব্রাঞ্চে 'Cheque Book Request' পাঠাতে পারবেন।
- ৩) পজিটিভ পে (Positive Pay) ইন্সট্রাকশন প্রদান।
- ৪) চেকের সকল পাতার স্ট্যাটাস (Cheque Status) সম্পর্কে জানতে পারবেন।


চিত্র-৩৮ :




১০.৩। 'Stop Cheque' বাটনে ক্লিক করে চিত্র-৩৯ (১) (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় ব্যবহারকারী প্রথমে তাঁর যে একাউন্টের (যদি একাধিক থাকে) পেমেন্ট অর্ডারটি বন্ধ করতে চান, সে একাউন্ট নম্বর, চেক নম্বর এবং চেকের পেমেন্ট স্টপ করার কারণ উল্লেখপূর্বক, পাসওয়ার্ড প্রদান করে এবং সবশেষে 'SUBMIT' বাটনে ক্লিক করার মাধ্যমে উক্ত চেকের পেমেন্ট অর্ডার তাৎক্ষণিকভাবে বন্ধ করতে পারবেন।

১০.৪। সবশেষে চিত্র-৩৯ (২) এর ন্যায় 'Stop Cheque' এর একটি সফল বার্তা ব্যবহারকারী দেখতে পাবেন।

চিত্র-৩৯ (১) :



চিত্র-৩৯ (২) :



১০.৫। 'Cheque Status' (চেক স্ট্যাটাস) মেনু থেকে ব্যবহারকারী চেকবুক সম্পর্কিত নিম্নলিখিত স্ট্যাটাস সমূহ দেখতে পারবেন (চিত্র-৪০ (১) (পরবর্তী পৃষ্ঠায়)।

- ✓ সমস্ত পাতা (All Leaves)
- ✓ সক্রিয় পাতা (Active Leaves)
- ✓ বাউন্স পাতা (Bounce Leaves)
- ✓ বাতিল পাতা (Cancel Leaves)
- ✓ এনক্যাশ পাতা (Encash Leaves)
- ✓ বন্ধ পাতা (Stop Leaves)

৮.৬। উপরের চেক স্ট্যাটাস সমূহ চেক করার জন্য ব্যবহারকারীকে চিত্র-৪০ (১) (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় প্রথমে একটি একাউন্ট (যদি একাধিক থাকে) নির্বাচন করতে হবে। তারপর চেকবুক সম্পর্কিত যে স্ট্যাটাসটি দেখতে চান তা নির্বাচন করতে হবে এবং এরপর ডেট প্যানেল থেকে তারিখের পরিসীমা নির্বাচন করতে হবে। সবশেষে 'SEARCH' বাটনে ক্লিক

করার মাধ্যমে চিত্র-৪০ (২) এর ন্যায় চেক বুকের স্ট্যাটাস সম্পর্কিত বিস্তারিত রিপোর্ট দেখা যাবে।

চিত্র-৪০ (১) :

চিত্র-৪০ (২) :

The screenshot shows the 'Cheque Status' app interface. At the top, there is a green header with a back arrow and the text 'Cheque Status'. Below the header, there is a 'Source Account' field with the value '0650' and a dropdown arrow. Underneath, there is a 'Leaf Type' dropdown menu with the text 'Select Cheque Type'. The menu is open, showing options: 'ALL Leaves', 'Active', 'Bounce', 'Cancel', 'Encash', and 'Stop'. At the bottom of the form, there is a blue 'SEARCH' button with a right-pointing arrow.


The screenshot shows the 'Cheque Status' app interface displaying a table of cheque status data. The table has four columns: 'SL', 'Status Date', 'Leaf No.', and 'Status'. There are two rows of data.

SL	Status Date	Leaf No.	Status
1	31/01/2022	SB 1404731	Encash
2	05/01/2022	SB 1404730	Encash

## ১১। ডিপিএস (DPS) এবং ইএমআই (EMI) ক্যালকুলেটর

১১.১। 'বিডিবিএল ডিজিটাল ব্যাংক' মোবাইল অ্যাপ এর চিত্র-৪১ (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় ডিপিএস এবং ইএমআই (EMI-Equated Monthly Installment) 'Calculator' বাটনে ক্লিক করে ব্যবহারকারীগণ বিভিন্ন মেয়াদের ডিপিএস ম্যাচুরিটি এমাউন্ট এবং লোনের ইএমআই (EMI) চেক করে নিতে পারবেন।

চিত্র-৪১ :



১১.২। হোমপেজ থেকে 'Calculator' বাটনে ক্লিক করার পর চিত্র-৪২ (১) (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় 'EMI Calculator' এবং 'DPS Calculator' নামে ২টি অপশন দেখা যাবে। এখান থেকে 'EMI Calculator' বাটনে ক্লিক করলে চিত্র-৪২ (১) (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় একটি ফর্ম আসবে। উক্ত ফর্মে 'Principal Amount', 'Interest Rate' এবং লোনের সময়সীমা (কত মাস) উল্লেখপূর্বক 'CALCULATE' বাটনে ক্লিক করলে চিত্র-৪২ (২) (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় প্রতি মাসের ইন্সটলমেন্ট, টোটাল ইন্টারেস্ট এবং টোটাল প্রেমেন্ট এমাউন্টের বিস্তারিত বিবরণী দেখা যাবে।

১১.৩। এছাড়া, 'SAVE IMAGE' বাটনে ক্লিক করার মাধ্যমে বিস্তারিত বিবরণীটি ডাউনলোড করা যাবে এবং 'EDIT' বাটনে ক্লিক করার মাধ্যমে পুনরায় নতুন করে 'EMI Calculation' করা যাবে।

চিত্র-৪২ (১) এবং

চিত্র-৪২ (২)

Calculator

EMI Calculator DPS Calculator

Principle Amount  
100000

Interest Rate (%)  
9

Month  
18

CALCULATE

Calculator

EMI Calculator DPS Calculator

BDL DIGITAL BANK

EMI Calculation

EMI Input Information

Principal Amount (BDT)	1,00,000.00 BDT
Interest Rate (%)	9
Month	18

EMI Calculate Information

Payable (Per Month)	5,960.00 BDT
Total Interest Payable	7,276.00 BDT
Total Payment	1,07,276.00 BDT

Power by : ERA-InfoTech Ltd

SAVE IMAGE EDIT



১১.৪। কোন ব্যবহারকারী বিভিন্ন মেয়াদের ডিপিএস (DPS) ম্যাচুরিটি এমাউন্ট দেখতে চাইলে চিত্র-৪৩ (১) (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় 'DPS Calculator' বাটনে ক্লিক করলে একটি ফর্ম আসবে। উক্ত ফর্মে মাসিক জমার পরিমাণ (Principal Amount), ইন্টারেস্ট রেট (Interest Rate) এবং ডিপিএস (DPS) এর সময়সীমা (কত মাস) উল্লেখপূর্বক 'CALCULATE' বাটনে ক্লিক করলে চিত্র-৪৩ (২) (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় প্রতি মাসের ইন্সটলমেন্ট, টোটাল ইন্টারেস্ট এবং টোটাল প্রেমেন্ট এমাউন্টের বিস্তারিত বিবরণী দেখা যাবে।

১১.৫। এছাড়া, 'SAVE IMAGE' বাটনে ক্লিক করার মাধ্যমে বিস্তারিত বিবরণীটি ডাউনলোড করা যাবে এবং 'EDIT' বাটনে ক্লিক করার মাধ্যমে পুনরায় নতুন করে 'DPS Calculation' করা যাবে।



চিত্র -৪৩ (১) এবং

চিত্র-৪৩ (২) :




## ১২। ব্রাঞ্চ এবং এটিএম/সিআরএম বুথ সমূহের অবস্থান

১২.১। 'Branch & ATM/CRM Locations' মেনু থেকে ব্যবহারকারী চিত্র-৪৪ (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় বিডিবিএল এর সকল ব্রাঞ্চ অফিস/সাব-ব্রাঞ্চ অফিস, (ATM) এটিএম/সিআরএম (CRM) বুথসমূহের অবস্থান দেখতে পারবেন অথবা অনুসন্ধান করতে পারবেন। এর ফলে একজন গ্রাহক খুব সহজে নিকটতম ব্রাঞ্চ অফিস, এটিএম/সিআরএম বুথসমূহের অবস্থান খুঁজে পাবেন এবং নিকটবর্তী এটিএম বুথ থেকে দ্রুত টাকা উত্তোলন করতে পারবেন অথবা ব্যাংকিং সেবা গ্রহণ করতে পারবেন। এছাড়া, গ্রাহকগণ একই সাথে অন্যান্য ব্যাংকিং সেবাও গ্রহণ করতে পারবেন। উল্লেখ্য Qcash এবং NPSB Logo সম্বলিত (সারাদেশ ব্যাপী সকল ব্যাংকের প্রায় ১২,০০০) 'ATM/CRM BOOTH' থেকে টাকা উত্তোলন/POS Purchase করতে পারবেন।



চিত্র-৪৪ :




১২.২। এছাড়া, ব্যবহারকারী এই মেনু থেকে ব্যাংকের আর্থিক লেনদেনের সময়সূচী, ব্রাঞ্চ খোলা এবং বন্ধের সময় দেখতে পারবেন। তাছাড়া, 'Call Now' বাটনে ক্লিক করার মাধ্যমে সংশ্লিষ্ট ব্রাঞ্চ ম্যানেজার/ ব্রাঞ্চ কর্মকর্তার সাথে যোগাযোগ করতে পারবেন।

## ১৩। ইউজার আইডি পরিবর্তন

১৩.১। যদি ব্যবহারকারী তাঁর বিদ্যমান ইউজার আইডি পরিবর্তন করতে চান তাহলে তাঁকে একাউন্টের ড্যাশবোর্ড/হোমপেজ থেকে প্রথমে 'Settings' মেনু এরপর চিত্র-৪৫ (১) এর ন্যায় 'User ID Change' বাটনে ক্লিক করতে হবে।

চিত্র-৪৫ (১) :



চিত্র-৪৫ (২) :

১৩.২। ব্যবহারকারী 'User Id Change' অপশনে ক্লিক করার পর চিত্র-৪৫ (২) এর ন্যায় ইউজার আইডি পরিবর্তনের একটি ফর্ম দেখতে পাবেন।


১৩.৩। উক্ত ফর্মের মাধ্যমে ব্যবহারকারী তাঁর বিদ্যমান ইউজার আইডি পরিবর্তনের অনুরোধ করতে পারবেন। এজন্য ব্যবহারকারীকে চিত্র-৪৫ (২) এ প্রদর্শিত ফর্মটিতে প্রথমে বিদ্যমান 'Password' এরপর 'Enter New User ID' পুনরায় 'Enter Confirm User ID' দিতে হবে এবং সবশেষে 'Submit' বাটনে ক্লিক করতে হবে।

১৩.৪। এরপর ব্যবহারকারীর নিবন্ধনকৃত মোবাইল নম্বরে একটি **OTP** প্রেরিত হবে।

১৩.৫। প্রাপ্ত **OTP** টি সংশ্লিষ্ট ফিল্ডে পূরণ করে **'Submit'** বাটনে ক্লিক করতে হবে।

১৩.৬। ব্যবহারকারীর ইউজার আইডি পরিবর্তনের তথ্য **'BDBL Digital Bank'** মোবাইল অ্যাপে যাচাই-বাছাই এর পর চিত্র-৪৬ এর ন্যায় **'User Id Changed Successfully'** স্ক্রীন আসলে ব্যবহারকারীর **'User Id'** পরিবর্তনের অনুরোধটি সম্পন্ন হবে।

চিত্র-৪৬ :




১৩.৭। ব্যবহারকারী তার নতুন ইউজার আইডি এবং পুরোনো পাসওয়ার্ড দিয়ে নিজ একাউন্টে লগ-ইন করতে পারবেন।

## ১৪। ইউজার পাসওয়ার্ড পরিবর্তন


১৪.১। যদি কোন ব্যবহারকারী তাঁর বিদ্যমান পাসওয়ার্ডটি পরিবর্তন করতে চান তাহলে ব্যবহারকারীকে তাঁর নিজ একাউন্টের ড্যাশবোর্ড/হোমপেজ থেকে প্রথমে **'Settings'** মেনু এরপর চিত্র-৪৭ (পরবর্তী পৃষ্ঠায়) এর ন্যায় **'Password Change'** বাটনে ক্লিক করতে হবে।

চিত্র-৪৭ :



১৪.২। 'Password Change' বাটনে ক্লিক করার পরে ব্যবহারকারী চিত্র-৪৮ এর ন্যায় পাসওয়ার্ড পরিবর্তনের একটি ফর্ম দেখতে পাবেন।

চিত্র-৪৮ :




১৪.৩। উক্ত ফর্মের মাধ্যমে ব্যবহারকারী তাঁর বিদ্যমান পাসওয়ার্ড পরিবর্তনের অনুরোধ করতে পারবেন। এজন্য ব্যবহারকারীকে চিত্র-৪৮ (পূর্ববর্তী পৃষ্ঠায়) এ প্রদর্শিত ফর্মটির ন্যায় প্রথমে 'Old Password' এরপর 'New Password' পুনরায় 'Confirm Password' দিতে হবে এবং সবশেষে 'SUBMIT' বাটনে ক্লিক করতে হবে।

১৪.৪। পাসওয়ার্ড পরিবর্তনের জন্য 'SUBMIT' বাটনে ক্লিক করার পর ব্যবহারকারীর নিবন্ধনকৃত মোবাইল নম্বরে একটি OTP প্রেরিত হবে।

১৪.৫। এসএমএস থেকে প্রাপ্ত OTP টি সংশ্লিষ্ট ফিল্ডে পূরণ করে 'SUBMIT' বাটনে ক্লিক করতে হবে।

১৪.৬। সবশেষে চিত্র-৪৯ এর ন্যায় 'Password Changed Successfully' স্ক্রীন আসলে ব্যবহারকারীর 'Password' পরিবর্তনের অনুরোধটি সম্পন্ন হবে।

চিত্র-৪৯ :




১৪.৭। সফলভাবে পাসওয়ার্ড পরিবর্তন করার পর ব্যবহারকারী তাঁর পুরাতন ইউজার আইডি এবং নতুন পাসওয়ার্ডটি দিয়ে তার নিজ একাউন্টে লগ-ইন করতে পারবেন।


## ১৫। ফরগট পাসওয়ার্ড (Forgot Password)

১৫.১। ব্যবহারকারী তাঁর বিদ্যমান পাসওয়ার্ডটি কোন কারণে ভুলে গেলে 'BDBL Digital Bank' মোবাইল অ্যাপের লগ-ইন পেজ থেকে চিত্র-৫০ (১) এর ন্যায় 'Forgot Password' লিংকে ক্লিক করার পরে চিত্র-৫০ (২) এর ন্যায় পাসওয়ার্ড 'Reset' করার একটি ফর্ম দেখতে পাবেন।

চিত্র-৫০ (১):




চিত্র-৫০ (২):




১৫.২। উক্ত ফর্মের মাধ্যমে বিদ্যমান পাসওয়ার্ডটি 'Reset' করতে ব্যবহারকারীকে প্রথমে 'User ID' উল্লেখপূর্বক 'NEXT' বাটনে ক্লিক করতে হবে।

১৫.৩। এ পর্যায়ে, ব্যবহারকারীর নিবন্ধনকৃত মোবাইল নম্বরে একটি OTP প্রেরিত হবে।

চিত্র-৫১ (১):



চিত্র-৫১ (২):



১৫.৪। এসএমএস থেকে প্রাপ্ত OTP টি সংশ্লিষ্ট ফিল্ডে চিত্র-৫১ (১) পূরণ করে 'Submit' বাটনে ক্লিক করতে হবে। সবশেষে চিত্র-৫২ (২) এর ন্যায় 'Forgot Password Request Successfully Sent' স্ক্রীন আসলে ব্যবহারকারীর 'Password' পরিবর্তন করার অনুরোধটি সম্পন্ন হবে।

১৫.৫। ব্যবহারকারীর বিদ্যমান পাসওয়ার্ড 'Reset' করার তথ্য যাচাই-বাছাই এর পর 'BDBL Digital Bank' মোবাইল অ্যাপ ব্যবহারের জন্য SMS (এসএমএস) এর মাধ্যমে নতুন একটি পাসওয়ার্ড পাবেন।

১৫.৬। সফলভাবে পাসওয়ার্ড 'Reset' করার পর ব্যবহারকারী তার ইউজার আইডি এবং নতুন পাসওয়ার্ডটি দিয়ে লগ-ইন করতে পারবেন।



## ১৬। সার্পোর্ট এবং বিবিধ তথ্য

বিশেষ সতর্কতাঃ ‘BDBL Digital Bank’ মোবাইল অ্যাপ এর যে কোন গুরুত্বপূর্ণ তথ্য (যেমন: ইউজার আইডি এবং পাসওয়ার্ড) ইত্যাদি অনুগ্রহপূর্বক কারো সাথে শেয়ার করা থেকে বিরত থাকুন।

সকল ব্যবহারকারীকে ‘BDBL Digital Bank’ মোবাইল অ্যাপটি ব্যবহার করে এ বিষয়ে কোন পরামর্শ থাকলে আইটি সিস্টেম ডিপার্টমেন্টকে অবহিত করার অনুরোধ করা যাচ্ছে।

দ্রষ্টব্য: ‘BDBL Digital Bank’ মোবাইল অ্যাপের এই ইউজার ম্যানুয়ালটি সঠিকভাবে ব্যবহার করার জন্য প্রণয়ন করা হয়েছে। ভবিষ্যতে অ্যাপটিতে নতুন নতুন সার্ভিস যুক্ত হওয়ার সাপেক্ষে ম্যানুয়ালটি পরিবর্তনশীল।

‘BDBL Digital Bank’ মোবাইল অ্যাপ ব্যবহার সংক্রান্ত যে কোন সমস্যার জন্য

আইটি সিস্টেম ডিপার্টমেন্টে যোগাযোগ করুন:

মোবাইল: ০১৩২১-২১২১১৭ এবং ০১৩২১-২১২১১৯

অথবা ই-মেইল করুন:

[digitalbank@bdbl.com.bd](mailto:digitalbank@bdbl.com.bd)



‘BDBL Digital Bank’ মোবাইল অ্যাপ ডাউনলোড করতে অথবা ‘BDBL Internet Banking’ ব্যবহার করতে নিচের QR Code গুলো Scan করুন।

